গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
(স্থানীয় সরকার শাখা)
www.feni.gov.bd

স্মারক নং-০৫.২০.৩০০০.০০৬.১১.০০৫.১৯-২৬৩

তারিখ: ০২ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ / ১৭ সেপ্টেম্বর ২০১৯খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ অধিশাখা এর ২৮ নভেম্বর ২০১৬ তারিখের ৪৬.০১৮.০০.০০.০১০.২০১১ (অংশ-২)-৭০৪ নং স্মারক এবং ০৮ জুলাই ২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭-২৩৫ নং স্মারকমূলে প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে ফেনী জেলার ইউনিয়ন পরিষদসমূহে "হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর" এর নবসৃষ্ট পদে জনবল নিয়োগের নিমিত্ত উপযুক্ত প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ৪৩ (তেতাল্লিশ) টি | গ্রেড-১৬, স্কেল-৯৩০০-২২৪৯০/- টাকা তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রদেয়)। | (ক) স্বীকৃত শিক্ষা বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>(গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে ২০ (বিশ) শব্দ। |

শর্তাবলী:

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও ফেনী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.mopa.gov.bd) এবং জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী এর ওয়েব সাইট (www.feni.gov.bd)- এ পাওয়া যাবে। নির্ধারিত ফরম ব্যতীত কোন আবেদন বিবেচনা করা হবেনা।

৩। সকল আবেদন আগামী ১৬/১০/২০১৯ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেলা প্রশাসক, ফেনী এর দপ্তরে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরিত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।

৪। আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে.মি. আকারের রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র এবং ৬/- (ছয়) টাকার ডাক টিকেট সম্বলিত নিজ নাম ও পূর্ণ ঠিকানা লিখিত (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক) ৯×৪ ইঞ্চি খাম জমা দিতে হবে।

৫। নিয়োগ পরীক্ষার ফি বাবদ জেলা প্রশাসক, ফেনী এর অনুকূলে ৩০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬। প্রার্থীর বয়সসীমা ১৬/১০/২০১৯ খ্রিঃ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের এবং শারীরিক প্রতিবন্ধীগণের ক্ষেত্রে বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৭। সরকার কর্তৃক ঘোষিত সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে। প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

৮। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।

৯। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শীতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

১০। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ করা হবে না।

১১। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে সরকারি নির্দেশনার আলোকে কোন শর্ত সংযোজন, সংশোধন ও পরিবর্তন করতে পারবেন।

১২। চূড়ান্তভাবে নির্বাচিতদের সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে।

১৩। কোন তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে কিংবা নিয়োগের পরে কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে উক্ত ব্যক্তি/ব্যক্তিদের নিয়োগাদেশ বতিলসহ জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। অনিবার্য কারণবশতঃ কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। নির্বাচিত প্রার্থীদেরকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিস হিসেবে নিয়োগ দেয়া হবে। শিক্ষানবিসকাল সন্তোষজনক হলে বিধি অনুযায়ী চাকুরি স্থায়ী করা হবে।

১৬। এ কার্যালয়ের গত ২১/০৩/২০১৭ তারিখের ০৫.২০.৩০০০.০০৬.১১.০০১.১৭-৩০৮ নং স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১৭। প্রার্থীদের নির্বাচনী (লিখিত, মৌখিক ও ব্যবহারিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭.৯.১৯

মো: ওয়াহিদুজজামান
জেলা প্রশাসক
ফেনী
ফোন: ০৩৩১-৭৪০০০
ইমেইল-dcfeni@mopa.gov.bd

স্মারক নং-০৫.২০.৩০০০.০০৬.১১.০০৫.১৯-২৬৩

তারিখ: ০২ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর ২০১৯খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। জেলা প্রশাসক,.............................................................(সকল)

অনুলিপি জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্যঃ
১। পুলিশ সুপার, ফেনী।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনী।
৩। সিভিল সার্জন, ফেনী।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর/ সোনাগাজী/ দাগনভূঞা/ছাগলনাইয়া/ফুলগাজী/পরশুরাম, ফেনী।
৫। মেয়র, ফেনী/দাগনভূঞা/সোনাগাজী/ছাগলনাইয়া/পরশুরাম পৌরসভা, ফেনী।
৬। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী। (তাকে বিজ্ঞপ্তি ও মডেল আবেদন ফরমটি জেলার ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল।)
৭। জেলা তথ্য অফিসার, ফেনী।
৮। সম্পাদক, ............................................................, ফেনী। তাকে বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিনের জন্য ভিতরের পাতায় ০৮ ইঞ্চি×২ কলাম সাইজে প্রকাশ করে ০৫ (পাঁচ) কপি পত্রিকা এ কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল।
৯। চেয়ারম্যান,.................................ইউপি, (সকল)........................উপজেলা, ফেনী।
১০। নোটিশ বোর্ড।
১১। অফিস কপি।

মো: ওয়াহিদুজজামান
জেলা প্রশাসক
ফেনী